

বাজেট অগ্রাধিকার
জাতীয় বাজেট ২০২৪-২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন

প্লট-এফ ১/এ, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নথি নং-জারাবো/বাজেট সমন্বয়/২০২৪-২০২৫/১০১


তারিখ: ২৫ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

সরকারের রাজস্ব আহরণ বাজেট প্রণয়নে জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব নীতিমালা প্রস্তুত করে থাকে। এ লক্ষ্যে একটি অংশগ্রহণমূলক (Participatory), গণমুখী (Pro-people) ও সুসম বাজেট প্রণয়নে বরাবরই সকল পর্যায়ের সম্মানিত করদাতা, বিভিন্ন শিল্প ও বণিক সমিতি, ট্রেড এসোসিয়েশন, পেশাজীবী সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান ও দেশের বুদ্ধিজীবী মহলের নিকট থেকে জাতীয় রাজস্ব বোর্ড বাজেট প্রস্তাব আহ্বান এবং তাঁদের সাথে রাজস্ব আহরণ পদ্ধতি সম্পর্কে আলোচনা অনুষ্ঠান করে আসছে। আসন্ন ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব আহরণ কার্যক্রমকে অধিকতর অর্থবহু, বিশ্লেষণধর্মী ও প্রতিনিধিত্বশীল করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড আলাপ-আলোচনার মাধ্যমে বাজেট প্রণয়নে আগ্রহী।

বাজেট প্রস্তুতে সহায়তার লক্ষ্যে বিভিন্ন চেম্বার এবং এসোসিয়েশনকে তাদের স্ব স্ব বাজেট প্রস্তাব দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর নিকট লিখিতভাবে আগামী ০৪/০৩/২০২৪ খ্রি. তারিখ এর মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রস্তাবের আরেকটি সফটকপি (NikoshBAN) ই-মেইল nbrbudget2024@gmail.com এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। জাতীয় রাজস্ব বোর্ড প্রাপ্ত প্রস্তাবসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করবে। যে সকল প্রতিষ্ঠান, সংস্থা বা দপ্তর কোন চেম্বার বা এসোসিয়েশনের সদস্য নয় তারাও সরাসরি উক্ত ইমেইলের মাধ্যমে বাজেট প্রস্তাব প্রেরণ করতে পারবেন।

আশা করি সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য একটি অংশিদারিত্বমূলক (Participatory), গণমুখী (Pro-people), শিল্প, ব্যবসা ও করদাতাবান্ধব (Industry, Business & Taxpayer Friendly) এবং একই সাথে রাজস্ব সম্ভাবনাময় বাজেট প্রণয়ন করা সম্ভব হবে।


২৫.০১.২০২৪
(এস, এম সোহেল রহমান)
প্রথম সচিব (মুসক)

ও
প্রধান বাজেট সমন্বয়কারী
Email: nbrbudget2024@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (শুল্ক নীতি/ কর নীতি/ ভ্যাট নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মহাসচিব, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।
৪. জনাব সৈয়দ এ. মু'মেন, জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি/ গার্ড কপি।